# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪০৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪০৯]

পর্ব-১৪: জুমু'আহ্ (إِيجَابُ الْجُمُعَةِ)

পরিচ্ছেদঃ ২৬: ইমামের জুমু'আর দিনে খুৎবায় সদাক্বার প্রতি উদ্বুদ্ধ করা

## بَابُ حَثِّ الإِمَامِ عَلَى الصَّدَقَةِ يَوْمَ الْجُمُعَةِ فِي خُطْبَتِهِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ، قال: حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ ابْنِ عَجْلَانَ، عَنْ عِيَاضِ بْنِ عَبْدِ اللَّهِ، قال: سَمِعْتُأَبَا سَعِيدٍ الْخُدْرِيَّ، يَقُولُ: جَاءَ رَجُلٌ يَوْمَ الْجُمُعَةِ وَالنَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ بِهَيْئَةٍ بَذَّةٍ، فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَصَلَّيْت ، قَالَ: لَا، قَالَ: صَلِّ رَكْعَتَيْنِ ، وَحَثَّ النَّاسَ عَلَى الصَّدَقَةِ، فَأَلْقَوْا ثِيَابًا فَأَعْطَاهُ مِنْهَا ثَوْبَيْنِ، فَلَمَّا كَانَتِ الْجُمُعَةُ الثَّانِيَةُ جَاءَ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ، فَحَثَّ النَّاسَ عَلَى الصَّدَقَةِ قَالَ: فَأَلْقَى أَحَدَ ثَوْبَيْهِ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: جَاءَ هَذَا يَوْمَ الْجُمُعَةِ بِهَيْئَةٍ بَذَّةٍ، فَأَمَرْتُ النَّاسَ بِالصَّدَقَةِ فَأَلْقَوْا ثِيَابًا، فَأَمَرْتُ لَهُ مِنْهَا بِثَوْبَيْنِ، ثُمَّ جَاءَ الْآنَ فَأَمَرْتُ النَّاسَ بِالصَّدَقَةِ فَأَلْقَى أَحَدَهُمَا فَانْتَهَرَهُ، وَقَالَ: خُذْ ثَوْبَكَ .

تخريج دارالدعوه: وقد أخرجه: سنن الترمذى/الصلاة ٢٥٠ (الجمعة ١٥) (٥١١)، سنن ابن ماجه/الإقامة ٨٧ (١١١٣)، مسند احمد ٣/٢٥، سنن الدارمى/الصلاة ١٩٦ (١٥٩٣)، (تحفة الأشراف: ٤٢٧٢) (حسن)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1409 - حسن

বাংলা

১৪০৮. মুহাম্মাদ ইবনু আবদুল্লাহ ইবনু ইয়াযীদ (রহ.)..... আবূ সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি জুমু'আর দিনে ছেড়া কাপড়ে আসলো, তখন নবী (সা.) খুৎবা দিচ্ছিলেন। রসূলুল্লাহ (সা.) তাকে বললেন, তুমি কি সালাত আদায় করেছ? সে বলল না; তিনি বললেন, তুমি দু' রাক'আত সালাত আদায় করে নাও আর

লোকেদের সদাক্বার প্রতি উৎসাহিত করলেন। তারা কাপড় দান করল, তিনি সেখান হতে তাকে দু'টি কাপড় দিলেন। দ্বিতীয় জুমু'আয় ঐ ব্যক্তি আসলো, তখন রসূলুল্লাহ (সা.) খুৎবা দিতেছিলেন। তিনি লোকেদের সদাক্বার প্রতি উদ্বুদ্ধ করলেন। রাবী বলেন, ঐ ব্যক্তিও তার দু' কাপড়ের একটা সদাক্বাহ্ করে দিলেন। তখন রসূলুল্লাহ (সা.) বললেন, এ ব্যক্তি গত জুমু'আয় ছিন্ন বস্ত্রে এসেছিল, তখন আমি লোকেদের সদাক্বাহ্ করার আদেশ দিয়াছিলাম, তারা কাপড় দান করেছিল, তখন আমি তাকে সেখান হতে দু'টা কাপড় দেয়ার আদেশ দিয়েছিলাম। এরপর এ ব্যক্তি এখন আসলো এবং আমি লোকেদের সদাক্বার আদেশ দিলাম, তো লোকটি তার দু'টি কাপড় থেকে একটি দান করে দিল। নবী (সা.) তাকে ধমক দিলেন এবং বললেন, তুমি তোমার কাপড় নিয়ে নাও।

## English

The Imam Encouraging The People To Give Charity On Friday During His Khutbah

It was narrated that Iyad bin 'Abdullah said: I heard Abu Sa'eed Al-Khudri say: 'A man who appeared shabbily came on a Friday, while the Prophet (ﷺ) was delivering the Khutbah. The Messenger of Allah (ﷺ) said to him: 'Have you prayed? He said: 'No. He said: 'Pray two rak'ahs.' And he urged the people to give in charity. They gave clothes, and he gave him two garments. The following Friday, he came when the Messenger of Allah (ﷺ) was delivering the khutbah, and he urged the people to give charity. (That man) gave one of his two garments and the Messenger of Allah (ﷺ) said: 'This man came last Friday looking shabby, and I commanded the people to give charity and they gave clothes, and I said that he should be given two garments, and now he came and I commanded the people to give charity and he gave one of them. So he chided himself and said: Take your garment.'

### ফুটনোট

হাসানঃ আবু দাউদ ১৬৭৫, ইবনু মাজাহ ১১১৩, ইবনে খুযায়মাহ ১৭৯৯, মুসনাদে আহমাদ ১১২১৩।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89904

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন